যুগান্তর
প্রিন্ট: ২৩ ডিসেম্বর ২০২৪, ০৩:২৭ পিএম

শিক্ষাঙ্গন

# বাকৃবিতে প্রথম বর্ষের ক্লাস শুরু ৬ জানুয়ারি

বাকৃবি প্রতিনিধি
প্রকাশ: ২২ ডিসেম্বর ২০২৪, ০১:২০ পিএম



ফাইল ছবি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতক ১ম বর্ষের শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে ৬ জানুয়ারি থেকে। এর আগে ৪ জানুয়ারি কেন্দ্রীয়ভাবে নবীন শিক্ষার্থীদের বরণ করে নেবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

রোববার বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের ডিন কাউন্সিলের আহ্বায়ক অধ্যাপক ড. মো. জয়নাল আবেদীন।

তিনি বলেন, আমরা আগামী ৪ জানুয়ারি কেন্দ্রীয়ভাবে নবীন বরণ এবং ৫ জানুয়ারি অনুষদ ভিত্তিক নবীনবরণের আয়োজন করা হয়েছে। এরপরে ৬ জানুয়ারি থেকে সকল অনুষদে একযোগে ক্লাস শুরু হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের জন্য ইতোমধ্যেই প্রয়োজনীয় প্রস্তুতি শুরু করেছে।

জানা যায়, কেন্দ্রীয় ওরিয়েন্টেশন প্রোগ্রামে নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের ইতিহাস, একাডেমিক কাঠামো, নিয়ম-নীতি এবং বিভিন্ন সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়। ওরিয়েন্টেশন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ অন্যান্য শিক্ষক-কর্মকর্তাবৃন্দ উপস্থিত থাকেন।

উল্লেখ্য, বাকৃবিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের স্বশরীরে ভর্তি কার্যক্রম ৯-১২ ডিসেম্বর অনুষ্ঠিত হয়। এ বছর ৬টি অনুষদে ১১১৬ শিক্ষার্থী ভর্তির সুযোগ পেয়েছেন।

